SBAC BANK

সাউথ বাংলা এগ্রিকালচার এ্যান্ড কমার্স ব্যাংক লিমিটেড
জেনারেল সার্ভিসেস ডিভিশন (৭ম ফ্লোর)।
প্রধান কার্যালয়ঃ বাংলাদেশ শিপিং কর্পোরেশন(বিএসসি)টাওয়ার, ২-৩, রাজউক এ্যাভিনিউ, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ। টেলিফোনঃ +৮৮ ০২ ৯৫৭৭২০৬-১১,বর্ধিত-২২৮,২২৯।

কম্বল সরবরাহের দরপত্রঃ

সাউথ বাংলা এগ্রিকালচার এ্যান্ড কমার্স ব্যাংক লিমিটেডের পক্ষ থেকে শীত মৌসুমে দুস্থ ও শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরনের নিমিত্তে দেশের স্বনামধন্য কম্বল ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে নিম্নলিখিত বিবরণ অনুযায়ী কম্বলের নমুনা ও মূল্য সম্বলিত মুখ বন্ধ খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

কম্বলের বিবরণঃ

<table>
<tr><th>শিরোনাম</th><th>বিবরণ</th><th>পরিমাণ/সংখ্যা</th><th>একক দর (টাকা)</th><th>মোট মূল্য(টাকা)</th></tr>
<tr><td>ওজন</td><td>প্রতি পিস ১২০০ গ্রাম(± ৫%)</td><td rowspan="5">৩০,০০০ পিস
(± ৫০%)</td><td rowspan="5"></td><td rowspan="6"></td></tr>
<tr><td>পণ্যের</td><td>৫ফুট x ৭ফুট (সিঙ্গেল পার্ট)</td></tr>
<tr><td>রং</td><td>ব্যাংকের লোগোসহ বিভিন্ন রঙের</td></tr>
<tr><td>প্রস্তুতকারী</td><td>বাংলাদেশ</td></tr>
<tr><td colspan="2">* দরপত্রে উদ্ধৃত মূল্যে সরকারী বিধি মোতাবেক ভ্যাট, উৎসে কর,পরিবহণ ব্যয় অন্তর্ভুক্ত থাকবে। উল্লেখ্য যে, ঢাকা জেলার বাহিরে কম্বল পরিবহণের ক্ষেত্রে ব্যাংক কর্তৃক কুরিয়ার খরচ বহন করা হবে।</td></tr>
<tr><td colspan="4">মোট মূল্য কথায়ঃ</td></tr>
</table>

শর্তসমূহঃ

(১) ৩০,০০০ (ত্রিশ হাজার) পিস কম্বলের দর আহবান করা হলেও প্রকৃতপক্ষে ১ম দফায় জরুরী ভিত্তিতে ১৫,০০০ পিস কম্বল মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ ভান্ডারে সরবরাহ করার জন্য ১ম কার্যাদেশ প্রদান করা হবে। অবশিষ্ট ১৫,০০০ পিস কিংবা ব্যাংকের চাহিদা অনুসারে প্রয়োজনীয় সংখ্যক কম্বল সরবরাহের জন্য ব্যাংকের পক্ষ থেকে প্রায় ২(দুই) মাস মেয়াদী ২য় কার্যাদেশ প্রদান করা হবে, যার বিপরীতে উক্ত কম্বল ডেলিভারীর অর্ডার প্রদানের অথবা কার্যাদেশটি বাতিলের অধিকার ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করে। দরদাতা প্রতিষ্ঠানকে অবশ্যই ৩০,০০০ (ত্রিশ হাজার) পিস কম্বলের জন্য দর দাখিল করতে হবে। ব্যাংক কর্তৃপক্ষ যেই পরিমাণ কম্বলই ক্রয় করুক না কেন কম্বলের একক দরে কোন পরিবর্তন আনা যাবে না।

(২) কম্বল সরবরাহের স্থানঃ কার্যাদেশে বর্ণিত তারিখ হতে ৫(পাঁচ) দিনের মধ্যে ব্যাংকের নির্ধারিত স্থানে কার্যাদেশ গ্রহীতার খরচে ও নিজস্ব ব্যবস্থাপনায় কম্বল সরবরাহ করতে হবে।উল্লেখ্য যে, ঢাকা জেলার বাহিরে কম্বল পরিবহণের ক্ষেত্রে ব্যাংক কর্তৃক কুরিয়ার খরচ বহন করা হবে।

(৩) দরপত্রে অংশগ্রহনে আগ্রহী প্রতিষ্ঠানসমূহ ব্যাংকের ওয়েবসাইট থেকে শিডিউল সংগ্রহ/ডাউনলোড পূর্বক হেড অব জিএসডি বরাবর নিজস্ব কোম্পানী প্যাডে আবেদনপত্র এবং আবেদনপত্রের সাথে অবশ্যই ফি বাবদ যে কোন তফসিলী ব্যাংক হতে সাউথবাংলা এগ্রিকালচার এ্যান্ড কমার্স ব্যাংক লিমিটেড এর অনুকূলে ৳৫,০০০/-(টাকা পাঁচ হাজার) মূল্যমানের পে-অর্ডার (অফেরতযোগ্য) প্রদান করে ০২ নভেম্বর, ২০২০ খ্রি. হতে ১৬ নভেম্বর, ২০২০ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন (সকাল ১০.০০ টা হতে বিকাল ৩.৩০ টা) সময়ের মধ্যে ব্যাংকের প্রধান কার্যালয়ের জিএসডি এর সংরক্ষিত টেন্ডারবাক্সে দরপত্র জমা করতে হবে। আবেদনপত্রের সাথে পে-অর্ডার জমা প্রদান না করলে আবেদনপত্র বাতিল বলে গন্য হবে।

(৪) দরপত্রের সাথে আর্নেস্টমানি(ফেরতযোগ্য) হিসেবে সাউথবাংলা এগ্রিকালচার এ্যান্ড কমার্স ব্যাংক লিমিটেড হতে ৳১,০০,০০০/-(টাকা এক লক্ষ) মূল্যমানের পে-অর্ডার সাউথবাংলা এগ্রিকালচার এ্যান্ড কমার্স ব্যাংক লিমিটেড বরাবরে জমা দিতে হবে,আর্নেস্টমানি জমা না দিলে দরপত্র বাতিল বলে গন্য হবে।নির্বাচিত/কৃতকার্য প্রতিষ্ঠানটির আর্নেস্টমানি পারফরম্যান্স গ্যারান্টি হিসেবে জমা থাকবে।অন্যান্য(অনির্বাচিত/অকৃতকার্য) প্রতিষ্ঠাণসমূহের পে-অর্ডার সরবরাহকারী প্রতিষ্ঠাণ নির্বাচনের পর ফেরত দেয়া হবে।অপরদিকে,নির্বাচিত/কৃতকার্য প্রতিষ্ঠান কর্তৃক কার্যাদেশ অনুযায়ী সকল কার্য সন্তোষজনকভাবে সম্পাদন শেষে আর্নেস্টমানি/ পারফরম্যান্স গ্যারান্টি ফেরতযোগ্য।

কম্বল সরবরাহের দরপত্রঃ

(৫) দরপত্র অবশ্যই প্রাসঙ্গিক কাগজপত্রাদি সহ মুখবন্ধ খামে আগামী ১৬ নভেম্বর, ২০২০ খ্রি তারিখ সকাল ১০টা হতে বিকাল ৩.৩০ টার মধ্যে জমা দিতে হবে এবং একই দিন বিকাল ৪.০০ ঘটিকায় দরপত্র দাতা বা তার প্রতিনিধির সম্মুখে(যদি উপস্থিত থাকে) দরপত্র সমূহ খোলা হবে।

(৬) দরপত্রে অংশগ্রহণে আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে কম্বল ব্যবসায় এবং নির্ধারিত সময়ে সরবরাহে পর্যাপ্ত অভিজ্ঞতা থাকতে হবে।সেক্ষেত্রে অন্যান্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে একক কার্যাদেশে ন্যূনতম ১৫,০০০ পিস কম্বল সরবরাহের কার্যাদেশের অনুলিপি প্রদান করতে হবে।

(৭) দরপত্রের সাথে (ক) হালনাগাদ ট্রেড লাইসেন্স, (খ) বৈধ বি.আই.এন. সনদ, (গ) ই-টি.আই.এন, (ঘ) ০১.১০.২০১৯ খ্রি. হতে ০১.১০.২০২০ খ্রি. পর্যন্ত(এক বছরের) ব্যাংক হিসাবের স্টেটমেন্ট।

(৮) বিল পরিশোধ পদ্ধতিঃ

(ক) প্রকৃত সংখ্যক মালামাল সরবরাহের বিপরীতে বাংলাদেশ সরকারের বিধি অনুসারে দাখিলকৃত বিলসমূহ হতে ভ্যাট আইন ১৯৯১ ও আইকর অধ্যাদেশ ১৯৮৪ অনুসারে ভ্যাট ও আয়কর উৎসে কর্তন করা হবে। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের বিলের সাথে মূসক চালান ৬.৩ দাখিল করতে হবে,অন্যথায় ব্যাংকের পক্ষ থেকে বিল প্রদান করা হবেনা।

(খ) কম্বল সরবরাহের পর কার্যাদেশের শর্তাবলী পরিপালন করতঃ সরবরাহকৃত মালামাল ব্যাংকের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক যাচাই বাছাই পূর্বক যৌক্তিক সময়ের মধ্যে বিল প্রদান করা হবে।

(গ) অসন্তোষজনক মালামাল সরবরাহের ক্ষেত্রে পেনাল্টি আরোপের(বিলের ২৫% পর্যন্ত) অধিকার ব্যাংক সংরক্ষণ করে।

(ঘ) কম্বল প্রকিউরমেন্ট সম্পর্কিত যাবতীয় কার্যাবলী মূল প্রতিষ্ঠান হিসেবে সাউথ বাংলা এগ্রিকালচার এ্যান্ড কমার্স ব্যাংক লিমিটেডের পক্ষ থেকে করা হলেও এই সম্পর্কিত বিলসমূহ সাউথ বাংলা এগ্রিকালচার এ্যান্ড কমার্স ব্যাংক ফাউন্ডেশনের পক্ষ থেকে দেয়া হবে।

(৯) দরদাতা প্রতিষ্ঠাণকে অবশ্যই মুখ বন্ধ খামে নিজস্ব কোম্পানী প্যাডে “জেনারেল সার্ভিসেস ডিভিশন প্রধান” বরাবর অবশ্যই ৩(তিন) পিস কম্বলের নমুনাসহ নির্ধারিত সময়ের মধ্যে অফিস চলাকালীন সময়ে ব্যাংকের প্রধান কার্যালয়ে জমা দিতে হবে। কম্বলের নমুনা দাখিল না করলে দরপত্র বাতিলের অধিকার ব্যাংক সংরক্ষণ করে।

(১০) উক্ত কাজ সংক্রান্ত যে কোন উপকরণের মূল্য বৃদ্ধি ঘটলে কম্বলের দর বৃদ্ধির আবেদন বিবেচনা করা হবেনা।

(১১) উক্ত কাজের জন্য কোন প্রকার মবিলিটি ব্যয়/অগ্রিম বিল প্রদান করা হবে না।

(১২) কার্যাদেশ প্রদানের ক্ষেত্রে একক দরের পাশাপাশি কম্বলের গুণগত মানের দিক ও বিবেচনায় নেয়া হবে। কম্বলের গুণগত মান ঠিক না থাকলে ব্যাংক কর্তৃপক্ষ সর্বনিম্ন দরদাতাকে কাজ প্রদানে বাধ্য নয়। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে সকল বা যেকোন দরপত্র/কার্যাদেশ সম্পূর্ণভাবে বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

উপরোক্ত সকল শর্তাবলী পড়ে, বুঝে ও সম্মত হয়ে আমরা দরপত্র জমা প্রদান করলাম।

প্রতিষ্ঠানের মালিক/এমডি/ম্যানেজিং পার্টনার এর নাম ও স্বাক্ষরঃ

স্বা/-

মোঃ শফিউল আযম
ভিপি এ্যান্ড হেড অব জিএসডি